

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- স্বাঃঅধিঃ/এমএনসিএন্ডএইচ/এমএইচ/ডায়া এন্ড সিবিই/২০২০/৩৫৩

তারিখঃ ২৫/০১/২০২০ ইং

বরাবর,

সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক

খাগড়াছড়ি/গাজীপুর/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/টাঙ্গাইল/পিরোজপুর/ভোলা/কিশোরগঞ্জ।

বিষয়ঃ জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্বাস্থ্য ক্যাম্প আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশের নির্বাচিত বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে (বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট ও হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, এমইউ, ওজিএসবি হাসপাতাল) এবং অন্যান্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও এনজিও প্রতিষ্ঠান জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং কর্মসূচি উন্নয়নে এতদসংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও আগামী ১৯-২৫ জানুয়ারী ২০২০ ইং জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার প্রতিরোধ সপ্তাহ পালিত হবে।

এরই ধারাবাহিকতায় এ বছর (২০২০ সালে) মহিলাদের মধ্যে জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার বিষয়ক সচেতনতা বাড়াতে UKID এবং UNFPA এর আর্থিক ও কারিগরি সহায়তায় জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার প্রতিরোধ সপ্তাহ পালনেরসহ উল্লিখিত ০৮ (আট) টি জেলার মোট ৬৮ (আটষট্টি) টি স্বাস্থ্য প্রতিষ্ঠান (০৮ টি জেলা সদর হাসপাতাল ও ৬০ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স) জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার বিষয়ক স্বাস্থ্য ক্যাম্প আগামী ১৯ জানুয়ারী থেকে ০৫ ফেব্রুয়ারী ২০২০ ইং অনুষ্ঠিত হবে।

খাগড়াছড়ি	DH	১	টাঙ্গাইল	DH	১	মোট = ৬৮
	UHC	৯		UHC	১১	
গাজীপুর	DH	১	পিরোজপুর	DH	১	
	UHC	৫		UHC	৬	
মুন্সীগঞ্জ	DH	১	ভোলা	DH	১	
	UHC	৫		UHC	৬	
নারায়নগঞ্জ	DH	১	কিশোরগঞ্জ	DH	১	
	UHC	৬		UHC	১২	

উল্লেখ্য যে, এবছর জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার বিষয়ক স্বাস্থ্য ক্যাম্প উদযাপনের জন্য উল্লিখিত জেলা সদর হাসপাতালের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা বরাদ্দ রাখা হয়েছে। আপনি নিজ দায়িত্বে প্রতিটি জেলা ও উপজেলা হাসপাতালে VIA & CBE Camp আয়োজন করবেন এবং VIA & CBE Camp সম্পন্ন হলে তার রিপোর্ট নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ০৮ ফেব্রুয়ারীর মধ্যে প্রেরণ করবেন।

(ডাঃ মোঃ শামসুল হক)

লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সচিব মহোদয় একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ)
- ২। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
- ৪। মহা পরিচালক, চিকিৎসা শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা- (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
- ৫। মহা পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরানবাজার, ঢাকা- (দৃঃ আঃ সহকারী পরিচালক সমন্বয়)।
- ৬। মহা পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা- (দৃঃ আঃ সহকারী পরিচালক সমন্বয়)।
- ৭। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল ও ক্লিনিক সমূহ/পিএইচসি/এমআইএস/রোগ নিয়ন্ত্রণ/আইপিএইচ/আইপিএইচএন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। পরিচালক, জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
- ১০। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ১১। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
- ১২। প্রকল্প পরিচালক, এস্টাবলিশমেন্ট অফ ন্যাশনাল সেন্টার ফর সার্ভিক্যাল এন্ড ব্রেস্ট ক্যান্সার স্ক্রীনিং এন্ড ট্রেনিং এ্যাট বিএসএমএমইউ।
- ১৩। উপ পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও প্রোগ্রাম ম্যানেজার, এমএইচ, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৪। উপজেলা স্বাঃ ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,
- ১৫। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র,
- ১৬। সভাপতি/সেক্রেটারী, ওজিএসবি, বাংলাদেশ।
- ১৭। হেলথ সিস্টেম স্পেশালিস্ট, লীড এসআরএইচ প্রোগ্রাম, ইউএনএফপিএ, বাংলাদেশ।
- ১৮। ইন্টারন্যাশনাল মিডওয়াইফারি স্পেশালিস্ট, ইউএনএফপিএ বাংলাদেশ।
- ১৯। প্রোগ্রাম এনালিস্ট-এসআরএইচআর, ইউএনএফপিএ বাংলাদেশ।
- ২০। প্রতিনিধি, UKID বাংলাদেশ।
- ২১। অফিস কপি।